

COVID-19 টিকাসমূহের বুস্টার শট

প্রাথমিক টিকাকরণ থেকে পাওয়া সুরক্ষা বৃদ্ধি করতে সবাইকে সাহায্য করার জন্য এখন টিকার বুস্টার শটসমূহ উপলব্ধ। আরো জানতে nyc.gov/covidvaccine এ যান বা 877-829-4692 এ কল করুন।

আপনি যদি Pfizer বা Moderna পেয়ে থাকেন:

নির্দিষ্ট ব্যক্তিগণ যারা কমপক্ষে ছয় মাস আগে Pfizer বা Moderna টিকার দুটি ডোজ পেয়েছেন তাদের জন্য বুস্টার উপলব্ধ:

- 65 বছর ও উর্ধ্ববয়স্ক
- নার্সিং হোম বা অন্যান্য দীর্ঘমেয়াদী সেবাকেন্দ্রসমূহে বসবাসকারী 18 থেকে 64 বছর বয়স্ক
- 18 থেকে 64 বছর বয়স্কগণ যাদের গুরুতর COVID-19 এর ঝুঁকি বাড়াতে পারে এমন *অন্তর্নিহিত শারীরিক সমস্যা* আছে
- 18 থেকে 64 বছর বয়স্কগণ যারা কর্মক্ষেত্রে বা অন্যান্য প্রাতিষ্ঠানিক অবস্থানে (যেমন গৃহহীনদের আশ্রয়) COVID-19 এর বর্ধিত ঝুঁকিতে আছেন (যেমন স্বাস্থ্য সেবা কর্মীগণ)।

আপনি যুক্তরাষ্ট্রে অনুমোদিত তিনটি টিকার যে কোনোটি নেওয়ার সিদ্ধান্ত নিতে পারেন (Pfizer, Moderna, Johnson & Johnson)।

আপনি যদি Johnson & Johnson পেয়ে থাকেন:

18 বছর বা উর্ধ্ববয়সী সবাই যারা কমপক্ষে 2 মাস আগে এক ডোজের Johnson & Johnson টিকা পেয়েছেন তাদের উচিত একটি বুস্টার শট নেওয়া।

আপনি যুক্তরাষ্ট্রে অনুমোদিত তিনটি টিকার যে কোনোটি বেছে নিতে পারেন (Pfizer, Moderna, Johnson & Johnson)।

আপনার বুস্ট পাওয়ার সেরা উপায়টির জন্য আজই nyc.gov/vaccinefinder এ যান, ভিজিট করুন nyc.gov/homevaccine বা কল করুন 877-829-4692 নম্বরে!



NYC

**NYC VACCINE FOR ALL:
SAFE, FREE, EASY**